কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল

প্যারেন্ট হ্যান্ডবুক

২০১০–২০১১

ক্যারলা ক্রেইগ, প্যারেন্ট কো-অর্ডিনেটর
ডক্টর সিন্থিয়া এডওয়ার্ডস, প্রিন্সিপ্যাল
ইভান মাদিন, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল
ঘান্দি মোসা, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল
লিন্ডা অলরেড, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল কন্সালটেন্ট

160-20 Goethals Avenue
Jamaica, New York 11432
718.969.3155

সূচীপত্র

I. প্রিন্সিপ্যালের বাণী 4

II. আমাদের মিশন 5

III. ঐতিহাসিক পটভূমি 5

IV. পিতা-মাতার সম্পৃক্ততা 6

- পিতা-মাতার অধিকার ও কর্তব্য 7
- প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ) 8
- পিতা-মাতার কমর্কান্ড 9
- সিটিব্যাপী জরুরি পরিস্থিতি বা শক্তিশালী ঝড়ের দিনের প্রক্রিয়াসমূহ 13

V. হাসপাতাল অভিজ্ঞতা কমর্সূচীর পাঠ্যসূচী 15

VI. কমিউনিটি পরিষেবার প্রয়োজনীয়তা 16

VII. স্কুল ভবনের নিয়মাবলি 17

- পিড়িয়ড 20
- ব্রেকফাস্ট ৭:৪০ – ৭:৫৫ 20
- ১ ৮:০৫ – ৮:৪৮ 20
- ২ ৮:৫২ – ৯:৩৫ 20
- ৩ ৯:৩৯ – ১০:২৫ 20
- ৪ লাঞ্চ* ১০:২৯ – ১১:১২ 20
- ৫ লাঞ্চ* ১১:১৬ – ১১:৫৯ 20
- ৬ লাঞ্চ* ১২:০৩ – ১২:৪৬ 20
- ৭ লাঞ্চ* ১২:৫০ – ১:৩৩ 20
- ৮ ১:৩৭ – ২:২০ 20
- হাজিরা 21
- বিলম্ব নীতি 21
- আটক সংক্রান্ত নীতি 22
- শিক্ষার্থীদের পোশাক বিধি 23

VIII. কোর্সের বিষয় 25

IX. গেইটওয়ে ডিপ্লোমার জন্য আবশ্যক /প্রোমোশনের প্রয়োজনীয় মান 30

X. শিক্ষার্থীদের কমর্কান্ড/ তথ্য 33

- শিক্ষার্থীর অংশগ্রহণ 33
- রিপোর্ট কার্ড / গ্রেডিং নীতি 34
- পরিবহন 35
- ব্রেকফাস্ট এবং লাঞ্চ 35
- কার্যপত্র 36
- যোগাযোগ সংক্রান্ত তথ্য / অসুস্থতা 36
- কুইন্স গেইটওয়ে স্কুল ডিরেক্টরি 36

XI. শিক্ষার্থী সংক্রান্ত পরিষেবা 39

XII. ভ্যালেডিক্টোরিয়ান ও স্যালুটেটোরিয়ান নির্বাচন 41

XIII. গেইটওয়ে কমর্সূচী 42

I. প্রিন্সিপ্যালের বাণী

সেপ্টেম্বর ২০১০

প্রিয় গেইটওয়ে পিতা-মাতা/অভিভাবকঃ

আমি আপনার নিকট কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুলের প্যারেন্ট হ্যান্ডবুক-এর হালনাগাদকৃত দ্বিতীয় সংস্করণ পৌঁছাতে পেরে আনন্দিত। আপনার কাছে স্কুলের নীতিমালা ও পদ্ধতি সম্পর্কিত তথ্য তুলে ধরার জন্যই এই হ্যান্ডবুক-এর পরিকল্পনা করা হয়েছে। এর অতিরিক্ত তথ্য স্কুল বর্ষে জানানো হবে এবং আমাদের প্রচেষ্টা থাকবে আপনাকে অবহিত রাখার।

আমি আপনাকে সতর্কতার সঙ্গে হ্যান্ডবুকটি পাঠ করতে উ্সাহিত করছি, কারণ তা আপনাকে স্কুলের বিধি-বিধান বুঝতে সহায়তা করবে। তাছাড়া, আমরা চাই যে সন্তানদের নিরাপত্তার স্বার্থে আপনি বিশেষ করে অন্তর্ভূক্তি ও পরিসমাপ্তি সংক্রান্ত বিধি-বিধান মেনে চলার ক্ষেত্রে আমাদের অংশীদার হিসেবে কাজ করবেন।

আমি আশা করি এই হ্যান্ডবুক আপনার ও আপনার সন্তানদের জন্য একটি সহায়ক সম্পদ হবে। তবে, হ্যান্ডবুক-এ উল্লেখ করা হয় নাই এমন কোন জিজ্ঞাস্য থাকলে এবং আপনি সে সম্পর্কিত বিষয় আমাদের নজরে আনতে চাইলে অনুগ্রহ করে 718.969.3155 এক্সটেনশন 3043 নম্বরে প্যারেন্ট কোঅর্ডিনেটর এর সঙ্গে যোগাযোগ করুন। আমরা আপনার নিকট থেকে আমাদের স্কুলের মান উন্নয়নে সহায়ক মতামত ও পরামর্শকে স্বাগত জানাই।

অনুষদ ও স্টাফদের পক্ষ থেকে আমি আপনার ও পরিবারের জন্য একটি সফল স্কুল বর্ষ কামনা করছি।

একান্ত,

ডক্টর সিন্থিয়া এডওয়ার্ডস
প্রিন্সিপ্যাল

II. আমাদের মিশন

কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুলের মিশন হল সকল শিক্ষার্থীকে এমনভাবে তৈরি করা যাতে তারা গঠনমূলকভাবে একত্রে বসবাসের মাধ্যমে দক্ষতা অর্জন করে, প্রাতিষ্ঠানিক মান অতিক্রম করে, এবং ফলপ্রসূ জ্ঞানের পথ খুঁজে পায়। নিরাপদ ও বিকাশমূখী শিক্ষার পরিবেশে স্কুল, বাড়ি ও কমিউনিটির সম্মিলিত প্রচেষ্টায় সকল শিক্ষার্থীর জন্য উচ্চ প্রত্যাশার পথ তৈরি করা। আমরা উপযুক্ত বিশেষায়িত পাঠদান, নির্দেশনা পরিষেবা, এবং শিক্ষা দান ও শিক্ষণ ক্ষেত্রে সহায়তার জন্য প্রযুক্তির ব্যবহার করতে অঙ্গীকারাবদ্ধ। আমরা আমাদের স্কুল কমিউনিটির প্রয়োজনীয়তা ও বৈচিত্রের বিষয়টিকে গুরুত্ব দেই ও তা অনুধাবন করি আর তাই আমরা স্বাস্থ্য বিজ্ঞানের ক্ষেত্রে একটি কলেজ প্রস্তুতি কর্মসূচী পরিচালনা অব্যাহত রাখব। সকল শিক্ষার্থীর সাফল্য উদযাপন, শিক্ষকদের পেশাগত শিক্ষণ, উদ্ভাবন ও শিক্ষাদানের ক্ষেত্রে সৃজনশীলতা, পিতা-মাতা, শিক্ষার্থী ও স্টাফদের মধ্যে দৃঢ় সম্পর্ক এবং সকল শিক্ষার্থীর উচ্চ মানের দক্ষতাকে সমর্থন করে এমন একটি স্থায়ী কমিউনিটি অংশীদারিত্বের মাধ্যমে আমরা তা অর্জন করব।

III. ঐতিহাসিক পটভূমি

কুইন্স হসপিটাল সেন্টার, নিউ ইয়র্কের সিটি ইউনিভার্সিটির ইয়র্ক কলেজ, মাউন্ট সিনাই মেডিকেল সেন্টার, কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ২৮, ডিস্ট্রিক্ট কাউন্সিল ৩৭ ও ডিভিশন অব হাই স্কুলস-এর সহযোগিতায় কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল প্রতিষ্ঠা করা হয়।

মাউন্ট সিনাই মেডিকেল সেন্টার, ইয়র্ক কলেজ ও কুইন্স হসপিটাল সেন্টার-এর সঙ্গে সরাসরি সংযোগ শিক্ষার্থীদের বিশেষভাবে পরিকল্পিত কোর্স, মেন্টরশিপ ও গ্রীষ্মকালীন প্লেসমেন্ট-এ অংশ গ্রহণের সুযোগ করে দেবে। ৪০ টির বেশী উচ্চ মানের কলেজ, ইউনিভার্সিটি গবেষণা কেন্দ্রের নেটওয়ার্কের প্রবেশদ্বার শিক্ষার্থীদের বাড়তি গ্রীষ্মকালীন সুযোগ এবং কলেজ নির্বাচনের ক্ষেত্রে বিভিন্নরূপ পছন্দের সুযোগ করে দেবে। শিক্ষার্থীরা তাদের শিক্ষার অংশ হিসাবে কমিউনিটি ও পাবলিক সার্ভিস কর্মকান্ডে অংশ নেবে এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়কে তাদের জীবনের সঙ্গে সম্পর্কিত করবে। হাসপাতালের কর্মসূচী, মান উন্নয়ন কর্মসূচী, প্রাতিষ্ঠানিক হস্তক্ষেপ, কমিউনিটি পরিষেবা ও ক্লাবের কর্মকান্ডে অংশ গ্রহণের কারণে বর্ধিত দিবস সূচীর সৃষ্টি হতে পারে।

কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল সক্রিয় শিক্ষণকে সহায়তা দানের জন্য নানারূপ পাঠদান কৌশল ব্যবহার করে। দক্ষতা, সামর্থ ও যোগ্যতা অর্জনের জন্য ইন্টারডিসিপ্লিনারি মডেলের ব্যবহার কোর্সের কাজের সংযোগ ও সমন্বয়কে শিক্ষার্থীদের কাছে আরো অর্থবহ করে তোলে। সকল গেইটওয়ে শিক্ষার্থীই রিজেন্ট লেভেল কোর্সসমূহ নিয়ে থাকে। **সকল শিক্ষার্থীর গ্রাজুয়েশনের পূর্বে চার বছরের হাই স্কুল গণিত ও বিজ্ঞান নেয়ার প্রয়োজন পড়ে।**

একটি জোড়ালো নির্দেশনামূলক সহায়ক পদ্ধতি পাঠদান কর্মসূচীর পরিপূরক হিসাবে কাজ করে থাকে। স্কুলের সহায়তা পদ্ধতি ব্যক্তি ভিত্তিক পরিবেশ সৃষ্টি করবে যেখানে শিক্ষার্থীরা পছন্দ নির্ধারণ ও তাদের কাজের দায়িত্ব গ্রহণের ক্ষেত্রে ক্ষমতায়নের আত্ম-বিশ্বাস ও আত্ম-প্রেষণা পাবে।

যেসব শিক্ষার্থীর বিশেষ সহায়তা প্রয়োজন তাদের নিয়মিত শিক্ষা ক্লাসে অন্তর্ভূক্তির সময় গেইটওয়ে সমন্বিত পাঠদান সহায়তা মডেলকে সমর্থন করে। শিক্ষক ক্লাসরুমের বাইরে পরিষেবা দিয়ে থাকেন ও সাধারণ শিক্ষা সনশ্লিষ্ট শিক্ষকদের উপদেষ্টা শিক্ষক হিসাবে কাজ
করে থাকেন।

কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল বিজ্ঞান ও গণিতের জন্য সামগ্রিক প্রাতিষ্ঠানিক কলেজ প্রস্তুতি পাঠক্রম পরিচালনা করবে। এই নিবিড় পাঠক্রম স্টেট ও সিটি মানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ যার মাধ্যমে এমন একটি গ্রাজুয়েট পুল তৈরির জন্য পরিকল্পনা করা হয় যারা কলেজ ও পেশার কঠিন চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত।

ইয়র্ক কলেজ, কুইন্স কলেজ ও কুইন্স হসপিটাল সেন্টারে কলেজ লেভেলের কোর্স, গবেষণা অভিজ্ঞতা ও মেন্টশিপের সুযোগসহ কলেজ ও ক্যারিয়ারের প্রস্তুতি হবে প্রত্যেক শিক্ষার্থীর কর্মসূচীর অংশ। ব্যবহারিক কর্মকান্ড শিক্ষার্থীদের স্বাস্থ্য পরিষেবা ও স্বাস্থ্য পরিচর্যা পদ্ধতির সঙ্গে পরিচিত করবে।

হাসপাতাল অভিজ্ঞতা কর্মসূচী স্বাস্থ্য ও চিকি□সা বিষয়ে ক্যারিয়ার গড়ার ক্ষেত্রে অনুসন্ধানের সুযোগ করে দেয়। এই কর্মসূচীর মাধ্যমে শিক্ষার্থীরা স্বাস্থ্য বিজ্ঞান বিষয়ে ক্যারিয়ার নির্বাচনের ক্ষেত্রে তথ্য ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে নিজেদের প্রস্তুত করার ক্ষেত্রে ব্যাপক পরিসরে আন্তঃব্যক্তিক ও প্রাতিষ্ঠানিক দক্ষতা অর্জন করবে।

আপনার ব্যবহারের জন্য এখন কুইন্স গেইটওয়ের ওয়েবসাইট প্রস্তুতঃ
www.QueensGateway.com

ওয়েবসাইটে এই হ্যান্ডবুক ও বর্তমান গেইটওয়ে সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।

IV. পিতা-মাতার সম্পৃক্ততা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইসিডিওই) এটা সনাক্ত করেছে যে পিতা-মাতা হল তাদের সন্তানদের জন্য প্রাথমিক শিক্ষাবিদ। প্রত্যেক শিক্ষার্থীর সর্বোচ্চ সম্ভাবনা স্কুল ও বাড়ির শক্তিশালী অংশিদারিত্বের মাধ্যমে সবচেয়ে ভালভাবে অর্জন করা যায়। পিতা-মাতা, আইনগত ভাবে নিয়োগকৃত অভিভাবক, এবং শিক্ষার্থীর পিতা-মাতা পর্যায়ের ব্যক্তিগণের শিক্ষার অংশীদার হিসাবে কিছু অধিকার ও কর্তব্য রয়েছে।

পিতা-মাতার অধিকার ও কর্তব্য

সকল পিতা-মাতার নীচের অধিকারগলো রয়েছেঃ

- সন্তানদের জন্য বিনা খরচায় পাবলিক স্কুলে শিক্ষার অধিকার
  - সকল শিশুর জন্য বিনা খরচায় পাবলিক স্কুলে শিক্ষার নিশ্চয়তা হল একটি মৌলিক অধিকার।
- তথ্যে অভিগম্যতার অধিকার
  - ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং এর স্কুলগুলোর দায়িত্ব রয়েছে শিক্ষা সংক্রান্ত কর্মসূচী ও সুযোগ এবং সন্তানদের শিক্ষা রেকর্ডের বিদ্যমান তথ্য পিতা-মাতার জন্য অভিগম্য করা।
- সন্তানদের শিক্ষায় সক্রিয়ভাবে জড়িত হবার অধিকার
  - পিতা-মাতাদের তাদের সন্তানদের শিক্ষায় অর্থপূর্ণভাবে অংশ গ্রহণের জন্য বিদ্যমান সব রকমের সুযোগ দিতে হবে।
- অভযোগ ও আপিল-আবেদন পেশের অধিকার
  - পিতা-মাতাদের উপযুক্ত প্রক্রিয়া অবলম্বন পূর্বক অভযোগ দায়ের ও তাদের সন্তানদের জন্য ক্ষতিকর সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল-আবেদন পেশের অধিকার রয়েছে।

সকল পিতা-মাতার নিম্ন-বর্ণিত দায়িত্ব রয়েছেঃ

- তাদের সন্তানকে শেখার জন্য তৈরি করে স্কুলে পাঠানো।
- তাদের সন্তান নিয়মিত স্কুলে যায় ও সময় মত ফিরে আসে তা নিশ্চিত করা।
- তাদের সন্তানের সঙ্গে স্কুল সম্পর্কে কথা বলে, সন্তানের কর্মকান্ড এবং প্রগ্রেস রিপোর্ট দেখে এবং স্কুল স্টাফের সঙ্গে বৈঠক করে সন্তানের কাজ, অগ্রগতি, এবং সমস্যাবলীর বিষয়ে সতর্ক হওয়া।
- সন্তানের শিক্ষা ক্ষেত্রে অগ্রগতি সম্পর্কে শিক্ষকমন্ডলী ও প্রিন্সিপ্যালের সঙ্গে যোগাযোগ রক্ষা করা।
- সন্তানের স্কুল থেকে যোগাযোগ করা হলে তাতে সাড়া প্রদান করা।
- স্কুল কতৃক আহবানকৃত সন্তানের সঙ্গে সংশ্লিষ্ট সকল বৈঠক ও সম্মেলনে যোগদান করা।
- সকল স্কুল স্টাফের প্রতি সৌজন্য ও সম্মান প্রদর্শন করা।

পিতা-মাতার আরো উচিতঃ

- তাদের সন্তান যেখানে পড়াশুনা করে সেখানে শিক্ষা সহায়ক পরিবেশ তৈরি করে দেয়া। সাধ্যমত এটি করা গুরুত্বপূর্ণ।
- সমাজে কার্যকরভাবে কর্মকান্ড পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধ অর্জনের গুরুত্ব বাড়িতে জোরদার করা।
- যেখানে প্রয়োজন ও সম্ভব সেখানে সময়, দক্ষতা বা সম্পদ ব্যবহার করুন।
- স্কুল ও কমিউনিটির কর্মসূচীতে অংশ নিন যা কিনা পিতা-মাতাকে শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্তে অংশ গ্রহণে সামর্থবান করে তোলে।

- স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন এর সক্রিয় সদস্য হোন।
- কর্মকান্ড, হাজিরা, এবং ব্যবহারের জন্য সন্তানকে দায়িত্ববান করে তোলা যা কিনা স্কুলের কাছ থেকে প্রত্যাশা করা হয়, এবং ব্যক্তি, সম্পদ, নিরাপত্তা ও অন্যের অধিকারের প্রতি সম্মান প্রদর্শনের বিষয়টি শিক্ষা দেয়া।

পিতা-মাতার অধিকার ও দায়িত্বের পূর্ণ বিবরণের জন্য পরিদর্শন করুনঃ
http://schools.nyc.gov/Parents/NewsInformation/BillofRights.htm

স্কুল লীডারশীপ টিম

পিতা-মাতার জড়িত হবার ক্ষেত্রে স্কুলের অঙ্গীকারের অংশ হিসাবে আমরা পিতা-মাতা, শিক্ষার্থী ও স্টাফদের মধ্যকার সম্পর্ক জোড়দার করেছি। স্কুল লীডারশীপ টিম (এসএলটি) স্কুলের কর্মসূচী ও শিক্ষার্থীদের কর্মকান্ড সমর্থন করতে চলমান বৈঠক ও আলোচনায় অংশ নেয়ার জন্য প্রতিমাসে একবার মিলিত হয়। এসএলটি সামগ্রিক শিক্ষা পরিকল্পনা (সিইপি) উন্নয়নে সহায়তার জন্য ইন-হাউস বা অভ্যান্তরীণ পিএএসএস পরিদর্শন পরিচালনা করে থাকে। আমরা পিতা-মাতাদের উদ্যোগকে সমর্থন অব্যাহত রাখব যা আমাদের পরিকল্পনা প্রণয়নে এবং শিক্ষার্থী ও শিক্ষকদের অভিজ্ঞতা শিক্ষা সম্প্রসারণে সহযোগিতামূলকভাবে কাজ করতে সক্ষম করে তুলবে।

প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (পিটিএ)

পিতা-মাতাকে জড়িত করার বিষয়টি কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুলের একটি অপরিহার্য অংশ। পিতা-মাতাদের সহায়তা করার প্রচেষ্টা হিসাবে পিটিএ-এর উদ্দেশ্য হলঃ

- পিতা-মাতা, স্টাফ ও শিক্ষার্থীদের মধ্যে সহযোগিতা ও বোঝাপরার ধারণা উ্সাহিত করা।
- পিতা-মাতাদের স্কুল পরিদর্শনে সহায়তা করা।
- পিতা-মাতার সহযোগিতা এবং/বা সম্পৃক্ততা প্রয়োজন এমন ক্ষেত্র উন্নয়ন করা।
- পরিবারবর্গের সঙ্গে যোগাযোগ উন্নয়ন।

পিটিএ আমাদের পিতা-মাতাদের তাদের পরিবারের জন্য যে লক্ষ্য সেদিকে গুরুত্ব দানে সহায়তা করতে এবং স্কুলের মাধ্যমে সন্তানদের নির্দেশনা দানে সহায়তা করতে তাদের জন্য কর্মশালা

পরিচালনা করে থাকে। তারা সবচেয়ে উত্তম অনুশীলন শেয়ার করতে পিতা-মাতাদের সমাবেশ ঘটাবে এবং যোগাযোগের জন্য পিতা-মাতা ও সন্তানকে একই টেবিলে নিয়ে আসবে।

পিটিএ বৈঠক প্রত্যেক মাসের ৩য় মঙ্গলবার সন্ধে ৭:০০ টায় অনুষ্ঠিত হয়।

<u>পিতা-মাতার কর্মকান্ড</u>

পিটিএ-এর সঙ্গে সহযোগিতার মাধ্যমে অনেক কর্মশালা অনুষ্ঠিত হয়। যেসব বিষয় অন্তর্ভূক্তঃ গেইটওয়েতে সফলতা অর্জন, আপনার
উঠতি বয়সি সন্তানের সঙ্গে যোগাযোগ, কলেজের জন্য পরিকল্পনা, কম্পিউটার ক্লাসসমূহ, অগ্নি নিরাপত্তা, এবং আইন প্রয়োগ সংক্রান্ত বিষয় নিষ্পত্তি।

প্যারেন্ট-টিচার বৈঠকঃ সকল ডিওই পাবলিক স্কুলে প্রতি বছর দু'বার প্যারেন্ট-টিচার বৈঠক অনুষ্ঠিত হয়। হাই স্কুলে শর (অক্টোবার) ও বসন্তে (এপ্রিল) বৈঠক অনুষ্ঠিত হয়। হাই স্কুলে প্যারেন্ট-টিচার বৈঠক অনুষ্ঠিত হওয়ার পর মিডল স্কুলের শিক্ষার্থীরা এর
আয়োজন করে।

"আপনার সন্তান কেমন করে নতুন স্কুল বর্ষে মানিয়ে নিচ্ছে তা অনুসন্ধানের ও তার শিক্ষকদের জানার একটি চমকার সুযোগ কোরে দেয় প্যারেন্ট-টিচার বৈঠক" *পেজ্জি গিসলার, এড.এস. এবং মার্জ এবার্টস, এড.এস.*

কিভাবে একটি সফল বৈঠক করা যায় এখানে তার কিছু ইঙ্গিত দেয়া হলঃ

- কোন বিষয়ে আপনি শিক্ষকের সঙ্গে আলোচনা করবেন আপনার সন্তান তা চায় কিনা তাকে জিজ্ঞাসা করুন।
- আপনি যে বিষয়ে বৈঠকে আলোচনা করতে চান সেসব বিষয় সংক্ষেপে লিখে রাখুন।
- দ্রুত বা কয়েক মিনিট আগে আসুন।
- শিক্ষক বা ক্লাসরুম সম্পর্কে ইতিবাচক মন্তব্য দ্বারা শুরু করুন।

- সম্মেলনের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন বিষয়ে দীর্ঘ আলোচনা এড়িয়ে চলুন।
- শিক্ষকদের পরামর্শের ক্ষেত্রে মুক্ত মনের পরিচয় দিন।
- আপনার আবেগ নিয়ন্ত্রণে রাখুন।
- আপনার সন্তানের সঙ্গে শেয়ার করার মত আলোচনা হয়েছে এমন বিষয়ের নোট নিন।
- সম্মেলনের জন্য প্রশংসা ব্যক্ত করুন।

- আপনার জন্য বরাদ্দ সময়ের অতিরিক্ত সময় নেবেন না। (আপনার ৩- মিনিটের বেশী সময় লাগবে এমন আশংকা থাকলে অনুগ্রহ করে শিক্ষকের সঙ্গে ব্যক্তিগত পর্যায়ে বৈঠকের আয়োজন করুন।)

আবশ্যিকভাবে জিজ্ঞাস্য প্রশ্নসমূহ

"আপনার সন্তানের একটি সফল স্কুল বর্ষের জন্য সহায়তা হিসাবে এখন থেকে জুন পর্যন্ত প্রাতিষ্ঠানিকভাবে তাদের ক্ষেত্রে প্রত্যাশা কি
তা আপনাকে জানতে হবে। নিম্ন-বর্ণিত প্রশ্নগুলো পরবর্তী প্যারেন্ট-টিচার বৈঠকে আপনাকে সহায়তা করতে পারে এবং নোট নিতে ভুলবেন না।" *সিনডি বন্ড*

(এসব প্রশ্নের অনেকগুলোর জবাব শিক্ষার্থী চুক্তিতে থাকবে যা আপনাকে স্বাক্ষর করতে হবে) এছাড়া, শর সেমিস্টারের জন্য পাঠক্রম রজনী নির্ধারণ করা হয়েছে। এসব কর্মশালায় প্রাতিষ্ঠানিক মান ও পাঠক্রম সম্পর্কিত বিষয় নিষ্পত্তি করা হবে।

আমার সন্তানকে কেমন করে মূল্যায়ন করা হবে?

শিক্ষার্থীদের মূল্যায়ন করতে আপনারা কী ধরণের তথ্য ব্যবহার করেন? তারা প্রাতিষ্ঠানিকভাবে পরবর্তী গ্রেডে যেতে প্রস্তুত কিনা তা কেমন করে জানবেন?
আপনার ক্লাসরুমে কীভাবে গ্রেড নির্ধারিত হয়?

আমার সন্তানের প্রাতিষ্ঠানিক অগ্রগতির সঙ্গে আরও বেশী জড়িত হতে আমি কী করতে পারি?

ক্লাসরুমে যা ঘটছে তার পরিপুরক হিসাবে আমি বাড়িতে কী করতে পারি?
বাড়ির কাজ কী দেয়া হয়েছে তা দৈনন্দিন ভিত্তিতে আমি কেমন করে জানতে পারি?
কেমন করে আমি শিক্ষকদের উচ্চ প্রাতিষ্ঠানিক মান বাস্তবায়নের প্রচেষ্টাকে সহায়তা করতে পারি?

শিক্ষণ ক্ষেত্রে ভিন্নতা আপনারা কেমন করে সমন্বয় করেন?

আমার সন্তান শিক্ষা গ্রহণের ক্ষেত্রে ধীর গতি সম্পন্ন হলে ও পিছনে পড়ে গেলে, বা দ্রুত গতি সম্পন্ন হলে ও একঘেয়েমিতে ভুগলে তখন কী হবে?
যেসব শিক্ষার্থীর আরও সহায়তা প্রয়োজন তাদের জন্য গ্রীষ্মকালীন স্কুল, একান্ত শিক্ষন, বা অন্যান্য কর্মসূচী আছে কি?

আপনার সন্তান ও শিক্ষককে সহায়তা করতে পরামর্শঃ

- এখন থেকে আপনার সন্তানের প্রতি রাতে বাড়ির কাজ সম্পন্ন করার সময় তার সঙ্গে কাজ করুন। প্রয়োজনে তাকে সহায়তা করুন।
- সতর্কতার সঙ্গে আপনার সন্তানের প্রতিদিনের কাগজ পত্র পরীক্ষা করুন, এবং যে কোন ভুল সংশোধনে তাকে সহায়তা করুন।
- আপনার সন্তানকে সতর্কতার সঙ্গে নির্দেশনা পাঠ করা, পাঠ্য বই-এর উদাহরণ দেখা, ও অ্যাসাইনমেন্ট লেখার মত কাজে দক্ষতা অর্জনের শিক্ষা দিন।

- স্কুলে আপনার সন্তানের কার্যমান সম্পর্কে তথ্য সংগ্রহ করুন যাতে করে আপনি তাদের অগ্রগতি ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষন
করতে পারেন।
- ১৯৯০-সালের আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটিস অ্যাক্ট-এর সেকশন ৫০৪, ও আইডিইএ মোতাবেক আপনার সন্তানের স্কুল থেকে কি বিশেষ সহায়তার আইনগত অধিকার রয়েছে তা জেনে নিন।

জিজ্ঞাসা করা যেতে পারে এমন অতিরিক্ত প্রশ্নঃ

- আমার সন্তানের সামর্থের স্তর কি?
- এই বছরে স্কুলে আমার সন্তান যেসব সমস্যার মুখোমুখী হয়েছে আপনার মতে তা ঠিক কী কী?
- প্রাতিষ্ঠানিকভাবে যত দ্রুত সম্ভব আমার সন্তানকে সঠিক পথে নিয়ে আসতে স্কুল কী বিশেষ সহায়তা করতে পারে?
- শিক্ষন ক্ষেত্রে আমার সন্তান প্রতিবন্ধকতা সম্পন্ন কিনা তা যাচাই করা সঠিক হবে কি?

কলেজ তথ্য রজনীঃ এই বৈঠকের উদ্দেশ্য হল পিতা-মাতাকে এমন তথ্য দেয়া যাতে করে তারা সন্তানকে কলেজ, আর্থিক সহায়তা ও যাচাই প্রক্রিয়া সম্পর্কে গাইড করতে পারে। ফ্রী অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড (এফএএফএসএ) ফর্ম বন্টন ও বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া, হাই স্কুলে অবস্থানকালে কলেজের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করা হয়।

পাঠক্রম রজনীঃ পাঠক্রম রজনী-এর উদ্দেশ্য হল এমন কর্মশালা পরিচালনা করা যা থেকে পিতা-মাতাগন শিক্ষার্থী গ্রেড ভিত্তিক প্রত্যেক বিষয়ে কী অধ্যয়ন করবে, এবং সিটি ও স্টেট পরীক্ষার জন্য কী প্রয়োজন তা জানতে পারবে। গতবছর, ইংরেজি, গণিত, বিজ্ঞান, সমাজ বিজ্ঞান ও গাইডেন্স বিভাগের শিক্ষকগন পিতা-মাতাদের বিশেষ বিষয়ে বছর ধরে কী শিখানো হবে তা ও স্কুল লেসন-এর নমুনার মাধ্যমে গাইড করে।

কম্পিউটার প্রশিক্ষনঃ পিতা-মাতাদের জন্য কম্পিউটার প্রশিক্ষনের ব্যবস্থা করা হয় যেন তারা কম্পিউটার সফটওয়্যার সম্পর্কিত জ্ঞান বৃদ্ধি ও শিক্ষার্থীদের কাজে সহায়তা করতে পারে। মাইক্রোসফট ওয়ার্ড, মাইক্রোসফট এক্সসেল ও মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট সম্পর্কে অধিবেশনের ব্যবস্থা করা হয়।

হেলথ ক্যারিয়ার ডেঃ ক্যারিয়ার ডে-এর উদ্দেশ্য হল আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য বিজ্ঞান সম্পর্কিত বিভিন্ন পেশার সঙ্গে পরিচিত করে তোলা। বিভিন্ন সংস্থার পেশাদারগনকে আমাদের শিক্ষার্থীদের সঙ্গে অভিজ্ঞতা শেয়ার করার জন্য আমন্ত্রণ জানানো হয়। ব্যক্তিগত ক্যারিয়ার ও শিক্ষা থেকে বিশেষ পেশা সম্পর্কে সাধারণ আলোচনা পর্যন্ত বিভিন্ন বিষয়ে উপস্থাপনার আয়োজন করা হয়। আমরা আপনাকে বসন্তের পিতামাতা-শিক্ষক বৈঠকের শুক্রবারের সকালটিকে আমাদের স্কুলের শিক্ষার্থী

ও স্টাফদের সঙ্গে ক্যারিয়ারের অভিজ্ঞতা শেয়ার করার জন্য ঠিক করে রাখার বিষয়টিকে দারুনভাবে উ□সাহিত করি।

সিটিব্যাপী জরুরি পরিস্থিতি বা শক্তিশালী ঝড়ের দিনের প্রক্রিয়াসমূহ

সিটিব্যাপী জরুরি পরিস্থিতি বা শক্তিশালী ঝড়ের দিনে চ্যান্সেলর সিটির সকল স্কুলের জন্য স্কুল বন্ধ থাকবে, নাকি বিলম্বে শুরু হবে সে সম্পর্কে ঘোষণা দেবেন। সিটির অন্যান্য কর্মকর্তার সঙ্গে আলোচনা করে এই ঘোষণা দেয়া হয়। সকল অনুমোদিত বিলম্বিত শুরুর ক্ষেত্রে নিয়মিত শুরুর সময় থেকে দুই ঘন্টা পর স্কুল শুরু হবে।

সকাল ৬:০০ টা নাগাদ সিদ্ধান্ত ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইটের হোমপেইজের *(*http://schools.nyc.gov/*)* ৩১১ তথ্য লাইনে এবং সিটির রেডিও স্টেশন ডব্লিউআইএনএস *(*১০১০ এএম*)*, ডব্লিউসিবিএস *(*৮৮০ এএম*)*, ডব্লিউএবিসি *(*৭৭০ এএম*)*, ডব্লিউএলআইবি *(*১১৯০ এএম*)*, ডব্লিউএডিও *(*১২৮০ এএম*)*, ডব্লিউবিএলএস *(*১০৭.৫ এফএম*)*, ডব্লিউএনওয়াইই *(*৯১.৫ এফএম*)*, এবং টেলিভিশন স্টেশন ডব্লিউসিবিএস *(*চ্যানেল ২*)*, ডব্লিউএবিসি *(*চ্যানেল ৪*)*, ডব্লিউএনওয়াইডব্লিউ *(*ফক্স চ্যানেল ৫*)*, ডব্লিউএবিসি *(*চ্যানেল ৭*)*, ডব্লিউএনওয়াইই *(*চ্যানেল ২৫*)*, ইউনিভিশন চ্যানেল ৪১, ও "এনওয়াই ১" *(*ক্যাবল টেলিভিশনের চ্যানেল ১*)*-এ ঘোষণা করা হয়। বিদ্যু বিচ্ছিন্নতার বড় ধরণের ঘটনার ক্ষেত্রে বহনযোগ্য রেডিওর মাধ্যমে ডব্লিউআইএনএস *(*১০১০ এএম*)* ও ডব্লিউসিবিএস *(*৮৮০ এএম*)*-এর মত প্রধান প্রধান রেডিও সংবাদ স্টেশন শোনা উচি।

স্কুলের টেলিফোন নম্বর হলঃ 718.969.3155
স্কুলের নিয়মিত সূচীঃ সকাল ৮:০০ - বেলা ২:২০
বর্ধিত দিবসের সূচীঃ সকাল ৮:০০ - বিকাল ৩:২০। শিধুমাত্র মঙ্গলবার ও বৃহস্পতিবার।
এমজিআই কর্মসূচীর সময়ঃ ঘোষণা করা হবে।
অনুমোদিতভাবে বিলম্বিত স্কুল শুরুর ক্ষেত্রে চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক স্কুল সূচী নির্ধারিত হবে।

কুইন্স গেইটওয়ের জন্য প্যারন্ট কো-অর্ডিনেটরঃ **ক্যারলা ক্রেইগ**, 718.969.3155
এক্সটেনশন 3043

সিটিব্যাপী অনুমোদিতভাবে স্কুল বন্ধ থাকলে বা স্কুল বিলম্বে শুরু হলে চ্যান্সেলর অন্য কোন ঘোষণা না দিলে যেসব কর্মসূচী বাতিল হয়ে যাবে তা হলঃ সকল ফিল্ড ট্রিপ, সকল স্কুল পরবর্তী কর্মসূচী *(*পাবলিক স্কুলে স্কুল পরবর্তী কমিউনিটি-ভিত্তিক সংস্থার কর্মসূচীসহ*)*, এবং সকল স্কুল পরবর্তী কর্মসূচীর পরিবহন *(*কমিউনিটি-ভিত্তিক সংস্থায় স্কুল পরবর্তী কর্মসূচীর পরিবহনসহ*)*।

সিটিব্যাপী অনুমোদিতভাবে বিলম্বে স্কুল শুরু হলে স্কুল বাসসমূহ চলাচল করবে, কিন্তু সেগুলোর আগমনের সময় দুই ঘন্টা পিছিয়ে যাবে। পাবলিক স্কুলে সকালের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচী বাতিল হয়ে যাবে।

বিলম্বে স্কুল শুরু হলে এটা আশা করা যায় যে শিক্ষার্থীরা নিয়মিত স্কুল ছুটির সময় পর্যন্ত স্কুলে থাকবে। তবে, সিটিব্যাপী জরুরি পরিস্থিতি বা শক্তিশালী ঝড়ের দিনে চ্যান্সেলরকে সময়ের পূর্বেই ছুটি ঘোষণা করার প্রয়োজন হতে পারে। চ্যান্সেলর নির্ধারিত সময়ের আগেই স্কুল ছুটির ক্ষেত্রে বাস পরিষেবা ঘোষণা করবেন। অনুমোদিত পূর্ব ছুটির সময় বাড়িতে কেউ না থাকলে তা শিক্ষককে অবহিত করার জন্য আপনি আপনার সন্তানকে বলবেন। আপনি বাড়িতে না থাকলে ও আপনার সন্তানকে পূর্বেই ছেড়ে দেয়া হলে কোন আত্বীয়,

বন্ধু বা প্রতিবেশী যেন তার দেখাশুনা করে আপনার তেমন একটি বিকল্প পরিকল্পনা থাকতে হবে। আপনার পরিকল্পনা সম্পর্কে আপনার সন্তানের অবগত থাকতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন আপনাকে অবশ্যই সেই আত্বীয়, বন্ধু বা প্রতিবেশীকে স্কুলের "ব্লু এমারজেন্সি কন্টাক্ট কার্ড"-এ তালিকাভূক্ত করতে হবে, কারণ এই কার্ড-এ অন্তর্ভূক্ত নয় এমন কারো কাছে শিক্ষার্থীকে ছেড়ে দেয়ার ব্যপারে স্কুল অনুমতি প্রাপ্ত নয়। আপনি এমন ব্যক্তি বা ব্যক্তিবর্গকেও এই কার্ড-এ চিহ্নিত করতে পারেন যাদের আপনার সন্তানের জন্য অভিগম্যতা নাই এবং আপনার তালিকাভূক্ত কাউকে পাওয়া না গেলে স্কুলের করনীয় সম্পর্কেও সেখানে উল্লেখ করতে পারেন। স্কুল যতটা সম্ভব আপনার সুপারিশ অনুসরণ করবে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি কার্ড হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করবেন। আপনার সন্তান স্কুল বাস ব্যবহার করলে বাস ছুটির জন্য আগমন না করা পর্যন্ত বা আপনার সন্তানকে তুলে না নেয়া পর্যন্ত স্কুলের স্টাফ বাসের শিশুর সঙ্গে
স্কুলে থাকবে।

আপনার প্রতিবন্ধকতা সম্পন্ন কোন সন্তান থাকলে বিলম্বে স্কুল শুরু হওয়ার ক্ষেত্রে আপনি তাকে স্কুলে পাঠাবেন কিনা সে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ব্যবহার করবেন। যদি আপনার সন্তানের চিকি□সা বা স্বাস্থ্য সংক্রান্ত কোন বিষয় থাকে যার জন্য কোন নার্স বা সহকারীর বাসে ওঠার প্রয়োজনসহ স্কুলের সময়ে তার নার্সিং বা অন্য কোন পরিষেবা প্রয়োজন হয়, তাহলে সন্তানকে স্কুলে না পাঠানোর বিষয়টি আপনার বিবেচনা করা উচিত। অনুগ্রহ করে স্মরণ রাখবেন আপনার সন্তানের সঙ্গে কোন

নার্স বা সহকারীর বাসে ওঠার প্রয়োজন হলে ও তারা স্কুল বাসে না উঠলে আপনার সন্তানকে তোলা হবে না।

পুনশ্চঃ তথ্যের জন্য http://schools.nyc.gov/-এ ডিওই-এর ওয়েবসাইটের হোমপেইজে প্রবেশ করে ৩১১ তথ্য লাইনে যুক্ত হোন ও তালিকায় উল্লেখিত রেডিও বা টেলিভিশন স্টেশনে কী বলা হয়, শুনুন।

V. হাসপাতাল অভিজ্ঞতা কর্মসূচীর পাঠ্যসূচী

কুইন্স হসপিটাল সেন্টার-এ কুইন্স গেইটওয়ে

কুইন্স হসপিটাল সেন্টার-এর সহযোগিতায় কুইন্স গেইটওয়ে হাসপাতালের অভিজ্ঞতা সপ্তম থেকে দশম গ্রেডের শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য পরিচর্যার পরিবেশ উন্মুক্ত করে দেয়। শিক্ষার্থীরা শিক্ষণের একটি বহুমূখী কোর্সে অংশ নেয় যার উদ্দেশ্য হল শিক্ষার্থীদের নিম্নের বিষয়গুলি সম্পর্কে ধারণা দেয়াঃ

- হাসপাতাল ভিত্তিক স্বাস্থ্য পরিচর্যার ক্ষেত্রে ক্লিনিক্যাল ও ক্লিনিক্যাল বহির্ভূত দিক
- হাসপাতালের পরিবেশে পেশা ও ক্যারিয়ার-এর ব্যাপ্তি ও সুযোগ
- রোগ নির্ণয়, ব্যবস্থাপনা, ও রোগের চিকিৎসায় ব্যবহৃত প্রযুক্তি এবং হাসপাতালের সার্বিক কর্মকান্ড পরিচালনায় ব্যবহৃত যন্ত্রপাতি

যেভাবে লক্ষ্যসমূহ অর্জন করা হয় তা হলঃ

- হাসপাতালের পরিবেশ, যেখানে শিক্ষার্থীরা অধ্যয়ন করছে, সম্পর্কে ধারণা দিয়ে সেমিনার।
- কুইন্সের চিফ মেডিকেল এগজামিনার পরিচালিত ফরেনসিক সেমিনার।
- হাসপাতালের বিভিন্ন বিভাগ পরিদর্শন।
- কুইন্স হসপিটাল সেন্টার লাইব্রেরিতে গবেষণা।
- শিক্ষার্থীদের সিম্পোজিয়াম যেখানে শিক্ষার্থীরা মৌখিক ও লিখিত উপস্থাপনার মাধ্যমে গবেষণা পত্র শেয়ার করে।

VI. কমিউনিটি পরিষেবার প্রয়োজনীয়তা

কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুলে কমিউনিটি পরিষেবা কর্মসূচীর মিশন সকল শিক্ষার্থীর জন্য পরিচালিত হয় যেখানে অভ্যান্তরীণ ও বহিস্থঃ কমিউনিটির পরিষেবায় অংশ গ্রহণের সুযোগ থাকে। স্টাফদের সহযোগিতায় পিতা-মাতা ও কমিউনিটির নেতৃবৃন্দ, আমাদের শিক্ষার্থীরা দায়িত্বশীল নাগরিক হওয়ার জন্য প্রস্তুত থাকবে।

কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল চায় যে প্রত্যেক শিক্ষার্থী কমিউনিটি পরিষেবায় অংশ নেবে। যেসব শিক্ষার্থী ৪০০ ঘন্টা বা তার বেশী কমিউনিটি পরিষেবা সম্পন্ন করে তারা সম্মানজনক গেইটওয়ে অনুমোদিত ডিপ্লোমা অর্জন করে, যা ভর্তি প্রক্রিয়ায় কলেজ ও ইউনিভার্সিটি কতৃক স্বীকৃত হয়।

যে লক্ষ্য অর্জন করা কমিউনিটি পরিষেবা কর্মসূচীর উদ্দেশ্য তা হলঃ

- স্কুল ও কমিউনিটির মধ্যে একটি সংযোগ লালন করা
- কমিউনিটিকে পরিষেবা দেয়ার প্রয়োজনীয়তা সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি করা
- নাগরিকদের দায়িত্ববান করা
- জ্ঞানার্জন ও বাস্তব দক্ষতা অর্জন

ন্যাশনাল অনার সোসাইটি/আরিস্তা-এ ভর্তির জন্য কমিউনিটি পরিষেবা আবশ্যক।

VII. স্কুল ভবনের নিয়মাবলি

নিম্নের যে কোন বিধি-বিধান লংঘনের ফলে পিতা-মাতাকে অবহিত করা, আটক বা সাময়িকভাবে বহিস্কার করা হবে।

১। **ভবনে ঢুকে অবশ্যই শিক্ষার্থী আইডি বা কর্মসূচী কার্ড উপস্থাপন করতে হবে।** যে কোন স্টাফ অনুরোধ করলে অবশ্যই কর্মসূচী কার্ড
উপস্থাপন করতে হবে।

২। ভবনে ঢুকে অবশ্যই হ্যাট, স্কার্ফ, ডিউ-র ্যাগ এসব **অপসারণ** করতে হবে।

৩। **সেল ফোন, ক্যামেরা, আই-পড, আই-পড সাইডকিক, ব্লাকবেরি, রেডিও, টেপ প্লেয়ার, হেডফোন, বা অন্যান্য ইলেকট্রনিক যন্ত্র নিয়ে**
ভবনে প্রবেশ করা যাবে না। এসব ইলেকট্রনিক যন্ত্র বাজেয়াপ্ত করা হবে এবং কেবল পিতা-মাতা/অভিভবকের কাছে ফের দেয়া
হবে। পিতা-মাতাগন প্রত্যেক মাসের দ্বিতীয় ও চতুর্থ সোমবার বিকাল ৩:৩০ টা- ৫:৩০ টা পর্যন্ত সময়ের মধ্যে বাজেয়াপ্ত বস্তু
ফের নিতে পারবেন।

৪। পিতা-মাতা বা কোন শিক্ষকের সঙ্গে ছাড়া স্কুল চলাকালে কোন শিক্ষার্থীর ভবন ত্যাগের **অনুমতি নেই**।

৫। কোন শিক্ষক বা সুপারভাইজারের তত্বাবধান ছাড়া শিক্ষার্থীদের ক্লাসরুম, ল্যাবরেটরি বা অফিসে প্রবেশের অনুমতি নেই।

৬। দ্বিতীয় ঘন্টা বাজলে সকল শিক্ষার্থী অবশ্যই ক্লাসে থাকবে। কোন শিক্ষক শিক্ষার্থীকে আটক করলে সে তার ক্লাসে রিপোর্ট করার পূর্বে
অবশ্যই সেই শিক্ষকের নিকট থেকে পাশের জন্য অনুরোধ জানাবে।

৭। কোন শিক্ষার্থী স্কুলের সম্পদ ধ্বংশ বা এর ক্ষতি সাধন করলে তা পুনঃস্থাপন বা মেরামতের মূল্য পরিশোধের জন্য দায়ি থাকবে।

৮। লাইব্রেরী এবং/বা কম্পিউটার স্থাপনা ব্যবহারকারী শিক্ষার্থীরা অবশ্যই সব ক্ষেত্রে সঠিক প্রক্রিয়া অবলম্বন করবে।

৯। কার্ড খেলার অনুমতি নেই।

১০। স্কুল এলাকায় ধূমপান নিষিদ্ধ।

১১। করিডোর, হল, ল্যাভেটরি, লকার রুম, বা যে কোন প্রবেশ বা নির্গমন এলাকায় ইতস্তত ঘুরে বেড়ানো যাবে না।

১২। কেবল **শিক্ষার্থীদের ক্যাফেটারিয়ায়** খাবার গ্রহণের অনুমতি আছে। ক্লাসরুমে শিক্ষার্থীদের খাবার গ্রহণ, পান করা বা গাম
চিবানো **নিষেধ**।

১৩। শিক্ষার্থীরা যত্র তত্র ময়লা ফেলা এড়িয়ে চলতে অবশ্যই সব বাজে কাগজ ক্লাসে রাখা নির্ধারিত পাত্রে ফেলবে।

১৪। কেবল শিক্ষকের অনুরোধেই চকবোর্ড, উইন্ডো ব্লাইন্ড এবং লাইটের সুইচ ছোঁয়া যাবে।

১৫। শিক্ষার্থীরা নোটবুক, কলম, পেন্সিল (এবং অনুরোধ করা হলে পাঠ্যবই) ক্লাসে নিয়ে আসবে।

১৬। শিক্ষার্থীরা কোন শিক্ষকের অনুমতি ছাড়া বা ক্লাসরুম পাশ ছাড়া রুম ত্যাগ করতে পারবে না।

১৭। দৌড়ানো, অমার্জিত খেলা, শিস ধ্বনি করা, গান গাওয়া, উচ্চস্বরে কথা বলা, চিৎকার করা, বা কোন অপ্রয়োজনীয় শব্দ করা বা
বিরক্তির কারণ ঘটানো নিষেধ।

১৮। ক্লাস চলা কালে ক্লাসরুম পাশ ছাড়া শিক্ষার্থীদের হলে অবস্থান করা নিষেধ।

১৯। সকল শিক্ষার্থীকে বহিস্থঃ পোশাক তাদের জন্য বরাদ্দ করা লকারে রাখতে হবে। শিক্ষার্থীরা নির্ধারিত সময় ছাড়া লকারের কাছে
যাবে না।

২০। কেবল শারিরীক শিক্ষা পিড়িয়ডের পোশাক রাখার জন্য শিক্ষার্থীরা জিম লকার ব্যবহার করতে পারবে। লকার রুমে রাখা জিনিষ
পত্রের নিরাপত্তার জন্য শিক্ষার্থীরা অবশ্যই তালা কিনবে।

২১। ক্লাস পরিবর্তনের সময় শিক্ষার্থীরা হলের ডান পার্শ্ব ব্যবহার করবে ও দ্রুত পরবর্তী ক্লাসে চলে যাবে।

২২। ভবনে স্নেহের আবেগপূর্ণ বহিঃপ্রকাশ নিষেধ। আদর করা, চুমু দেয়া বা প্রকাশ্যভাবে অনন্যের গাত্র স্পর্শ করা যাবে না।

২৩। সকল ক্ষেত্রে অবশ্যই পাদুকা পরিধান করতে হবে।

কুইন্স গেইটওয়ে
নিয়মিত ঘন্টা সূচী

কার্যকরঃ জানুয়ারি ৩,২০১১

<u>পিড়িয়ড</u>

ব্রেকফাস্ট		৭:৪০	–	৭:৫৫
লকার পরীক্ষা		৭:৫৫	–	৮:০৪
১		৮:০৫	–	৮:৪৮
২		৮:৫২	–	৯:৩৫
৩		৯:৩৯	–	১০:২৫
৪	লাঞ্চ*	১০:২৯	–	১১:১২
৫	লাঞ্চ*	১১:১৬	–	১১:৫৯
৬	লাঞ্চ*	১২:০৩	–	১২:৪৬
৭	লাঞ্চ*	১২:৫০	–	১:৩৩
৮		১:৩৭	–	২:২০
বর্ধিত সেশন		২:২০	–	২:৫৮

যেসব শিক্ষার্থীর জন্য আবশ্যক তাদের বর্ধিত সেশন সোমবার, মঙ্গলবার, এবং বুধবার
অনুষ্ঠিত হবে

*শিক্ষার্থীরা লাঞ্চ পিড়িয়ডের শুরুতে ও স্কুল দিবসের সমাপ্তিতেও তাদের লকার ব্যবহার
করতে পারে।

হাজিরা

শিক্ষার্থীদের প্রত্যেক দিন স্কুলে হাজির থাকতে হয়। আপনার সন্তান অনুপস্থিত থাকলে আপনাকে অবশ্যই স্কুলে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করে পত্র পাঠাতে হবে। আপনার সন্তান চিঠি প্রত্যেক শিক্ষকের নিকট পৌঁছাতে, এটার ওপর কাজ শুরু করতে, এবং রুম ১০৫-এ প্রধান কার্যালয়ে নিয়ে যাওয়ার জন্য দায়ি। নোট পাঠানোর মাধ্যমে স্কুলকে অনুপস্থিতির কারণ জানানো যায়। তা অনুপস্থিতিকে যুক্তিযুক্ত
করে না।

আইন অনুযায়ী ১৭ বছর বয়স পর্যন্ত শিক্ষার্থীদের স্কুলে যোগ দিতে হবে। জ্ঞাতসারে সন্তানকে স্কুলে যোগ দিতে বাধা দেয়া বে-আইনী।

সহায়ক ইঙ্গিত

- স্কুলের পর সন্ধায় বা সপ্তাহান্তে ডাক্তারের কাছে যাওয়ার পরিকল্পনা করবেন।
- এনওয়াইসিডিওই-এর স্কুল ক্যালেন্ডার মোতাবেক পরিবারের অবকাশের পরিকল্পনা করবেন। এক্ষেত্রে প্রকৃত ছুটির দিনের পূর্বে বা পরে সময় বর্ধিত করবেন না।

প্রমোশনের একটি শর্ত হল স্কুলে ৯০% হাজিরা। অতিরিক্ত, অব্যাখ্যাত অনুপস্থিতি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর বাধ্যবাধকতা মোতাবেক চাইল্ড অ্যাবিউজ রেজিস্ট্রি-তে শিক্ষাগত অবহেলা বা এডুকেশনাল নেগলেক্ট হিসাবে রিপোর্ট করা হবে।

বিলম্ব নীতি

বিলম্ব সূচক ঘন্টা বাজার পর যেসব শিক্ষার্থী স্কুলে প্রবেশ করে তাদেরকে বিষয়ের শিক্ষক বিলম্বিত হিসাবে চিহ্নিত করবেন। ক্লাসের প্রতি সংকেত হিসাবে সকাল ৮:০০ টায় প্রথম ঘন্টা বাজবে। ষিক্ষার্থীরা লকারের কাছে যেতে এবং তাদের প্রথম পিড়িয়ডের ক্লাসে রিপোর্ট করার জন্য পাঁচ মিনিট সময় পাবে। বিলম্ব সূচক ঘন্টা সকাল ৮:০৫ টায় বাজবে। স্কুলে ঘন ঘন বিলম্বের ফলে অংশ গ্রহণ না করা ও অ্যাসাইনমেন্ট সম্পন্ন না করা জনিত ক্লাস ব্যর্থতা উদ্ভূত হতে পারে।

আটক সংক্রান্ত নীতি

যেসব শিক্ষার্থী স্কুলের নিয়ম ও নীতি ভাঙ্গে তাদের কোন স্টাফ স্কুল ছুটির পর আটকের জন্য বলতে পারে। ডীন আপনাকে আপনার সন্তানের নিয়ম ভাঙ্গা ও তার স্কুলের পর অবস্থানের তারিখ ও সূচী সম্পর্কে অবহিত করবেন। আটকের বিষয়টি সাময়িকভাবে বহিস্কারের বিকল্প। শিক্ষার্থী আটক থাকতে ব্যার্থ হলে তাকে সাময়িকভাবে বহিস্কার করা হবে।

শিক্ষার্থীদের পোশাক বিধি

আবহাওয়া উষ্ণ হয়ে উঠলে সকল শিক্ষার্থীকে গেইটওয়ে "পোশাক বিধি"র কথা স্মরণ করিয়ে দেয়ার প্রয়োজন হয়।

যদিও নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন আনুষ্ঠানিক পোশাক বিধি নাই, এই সিসটেম ও কোর্ট উভয়ে একমত হয় যে কোন স্কুল শিক্ষাগত প্রয়োজন এবং শিক্ষার্থী ও স্টাফের নিরাপত্তার ওপর ভিত্তি করে নীতিমালা ঠিক করতে পারে।

শিক্ষার্থীদের অধিকার সম্পর্কিত বিল অনুসারে সকল শিক্ষার্থীর বৈষম্য, হয়রানী ও পক্ষপাত মুক্ত একটি নিরাপদ ও সহায়ক শিক্ষণ পরিবেশে অবস্থানের অধিকার রয়েছে। কোন পোশাকের ধরণ যদি অনুপযুক্ত ও নেতিবাচক ব্যবহারকে প্ররোচিত করে তবে গেইটওয়েতে তা নিরুৎসাহিত করা হয়।

এই কারণে, কুইন্স গেইটওয়ে টু হেলথ সাইন্সেস সেকেন্ডারি স্কুল শিক্ষার্থীদের পোশাকের উপর কিছু বিধি-নিষেধ আরোপ করেছে।

পোশাক

খাট হাফপ্যান্ট, খুবই খাট বা মাইক্রো-মিনি স্কার্ট এর সঙ্গে হাই স্লিট-এর মত কোন আঁট-সাঁট পোশাক, খাট পোশাক আমাদের ভবনে নিষিদ্ধ। কোন শিক্ষার্থী স্কুল ভবনে মধ্যচ্ছদা, তলপেট উন্মুক্ত করতে পারবে না। এছাড়া, ট্যাঙ্ক টপ, হল্টার-টপ, টিউব টপ বা লো রাইডার জিন্স-এর মত স্তন ও বুকের চামড়া, নিম্ন পিঠ ও নিতম্ব উন্মুক্তকারী যে কোন পোশাক এই ভবনে নিষিদ্ধ। স্বচ্ছ ব্লাউজ ও স্কার্ট যা কোন অন্তর্বাস প্রদর্শন করে বা ছেলে বা মেয়ে শিক্ষার্থীর দেহের উপরের অংশ উন্মুক্ত করে, তা নিষিদ্ধ।

সাধারণত ভবনে টি-শার্টের মত পোশাক বা অন্য কোন উপাদান যা বে-আইনী বস্তুর ব্যবহার, সহিংসতা, বা সহিংসতা সম্পৃক্ত দল, যৌন হয়রানীকে মহিমান্বিত করে বা যা যৌনতা বা যৌন উত্তেজক ছবি ধারণ করে তা নিষিদ্ধ।

মাথার আবরণী

ভবনে টুপি বা হ্যাট পরিধান করা যাবে না। ডিউ-র ্যাগ, যে কোন আকার, আকৃতি বা রুপের স্কার্ফ, ও স্টকিং ক্যাপ-এর মত অন্যান্য মাথার আবরণী ভবনে পরিধান করা যাবে না।

গহনা

বড় রোপ চেইন, বৃহদাকার পদক, অধিক আঙ্গুলে আংটি, লার্জ ডোর নকার ইয়াররিং, বড় রঙ্গিন পুঁতি ইত্যাদির ন্যায় ভারী স্বর্ণ বা রুপার গহনা ভবনে পরিধান করা যাবে না।

সকল শিক্ষার্থীকে স্কুলে সঠিক পোশাক পরিধানে উৎসাহিত করা হয়। স্মরণ রাখবেন গরমের মাসগুলোতে এয়ার কন্ডিশনারের সুইচ অন করা হবে। আপনার যদি কোন পোশাকের উপযুক্ততা সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে প্রিন্সিপ্যালের সঙ্গে যোগাযোগ করবেন।

শারিরীক শিক্ষার পোশাক

কুইন্স গেইটওয়ের সকল শিক্ষার্থীকে শারিরীক শিক্ষার ক্লাশে অংশ নেয়ার জন্য অনুমোদিত জিম পোশাক পরিধান করতে হবে। এই পোশাক

হল নীল/সাদা টি-শার্ট ও নীল হাফপ্যান্ট যা ছোট থেকে ৩এক্স পর্যন্ত বিভিন্ন আকারের পাওয়া যায় এবং স্কুলের মাধ্যমে ক্রয় করা যায়। জিম লকারের তালাও ক্রয় করতে হবে।

VIII. কোর্সের বিষয়

শর/বসন্ত, ২০১০-১১

ইংরেজি		গণিত	
কোড	**বর্ণনা**	**কোড**	**বর্ণনা**
ইও৭ (EO7)	৭ম গ্রেড ইংরেজি	এমও৭ (MO7)	৭ম গ্রেড গণিত
ইও৮ (EO8)	৮ম গ্রেড ইংরেজি	এমইও১,২ (MEO1,2)	৮ম গ্রেড গনিত-এক্সেল-বীজগনিত
ই১,২ (E1,2)	৯ম গ্রেড ইংরেজি	এমই২১,২ (ME21,2)	৯ম গ্রেড গনিত- বীজগনিত
ই৩,৪ (E3,4)	১০ম গ্রেড ইংরেজি	এমজি১,২ (MG1,2)	৯ম গ্রেড গনিত-এক্সেল-জ্যামিতি
ই৫,৬ (E5,6)	১১শ গ্রেড ইংরেজি		১০ম গ্রেড গনিত জ্যামিতি
ই৫এক্স,৬এক্স (E5X,6X)	এডভান্সড প্লেসমেন্ট ইংরেজি	এম আর ২১ (MR21)	১০ম গ্রেড গনিত-এক্সেল-বীজগনিত ২
ই৭,৮ E7,8	১২শ গ্রেড ইংরেজি		১১শ গ্রেড গনিত -বীজগনিত ২
